দৈনিক বাংলা

255

তারিখ ... 09 JUL 1991
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫

২৫৫

# জাকসু ও হল সংসদ নির্বাচনে ছাত্র দলের বিপুল বিজয়

গত শনিবার অনুষ্ঠিত জাকসু ও ৬টি হল সংসদ নির্বাচনে জাতীয়তাবাদী ছাত্রদল নিরঙ্কুশ বিজয় অর্জন করিয়াছে। কেন্দ্রীয় সংসদ ও ৬টি হল সংসদের মোট ৯৪টি আসনের মধ্যে ৮৬টি আসনে জাতীয়তাবাদী ছাত্রদল মনোনীত প্রার্থীরা জয়লাভ করেন। ইহার মধ্যে জাকসুর ১৬টি আসনের সবকয়টিতে এবং হলসমূহের ৭৮টি আসনের মধ্যে ৭০টিতে ছাত্রদল প্রার্থীরা নির্বাচিত হন।

জাকসুর নব-নির্বাচিত ভিপির নাম মনিরুজ্জামান মনির। তিনি পাইয়াছেন ৮৫৯ ভোট। তাহার

(৭ম পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## জাকসু

(১ম পৃঃ পর)

নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগ্রাম পরিষদের জাহাঙ্গীর আলম পাইয়াছেন ৮৪৯ ভোট। জিএস নির্বাচিত হইয়াছেন এ,কে,এম রাশেদুল হাসান মাসুম। তাহার প্রাপ্ত ভোট ৯৪৮। নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্র সংগ্রাম পরিষদের খন্দকার হাসান মাহমুদ পাইয়াছেন ৭৯৮ ভোট।

৮৮৫ ভোট পাইয়া এ,জি,এস পদে বিজয়ী হইয়াছেন রফিকুল ইসলাম রফিক। নিকটতম প্রতিদ্বন্দ্বী ছাত্র-সংগ্রাম পরিষদ প্রার্থীর প্রাপ্ত ভোট ৭৪৩। ভিপিসহ কয়েকটি পদে তুমুল প্রতিদ্বন্দ্বিতা হয়। নাট্য সম্পাদক পদে ছাত্রদল ও সংগ্রাম পরিষদের প্রার্থী সমান ভোট পায়।

এই পদে ছাত্রদলের মোহাম্মদ মিন্টু ও ছাত্র সংগ্রাম পরিষদের মানস কুমার চৌধুরী উভয়েরই প্রাপ্ত ভোট ৮৬৫। এমতাবস্থায় কর্তৃপক্ষ আগামী মেয়াদে ৬ মাস করিয়া দায়িত্বভার অর্পণের সিদ্ধান্তে উভয়কেই নির্বাচিত ঘোষণা করেন।

জাকসুতে সর্বোচ্চ ভোট পান মিলনায়তন সম্পাদক আজমল আমীন টুটুল। তাহার প্রাপ্ত ভোট ৯৭৬। অন্যান্য পদে বিজয়ীরা হইতেছেন : মহিলা মিলনায়তন-সায়মা সুলতানা ঝর্ণা, সমাজসেবা-জি, এম হারুন-অর-রশীদ, সাহিত্য-মোহাম্মদ মিন্টু ও মানস কুমার চৌধুরী (যুগ্ম), চিত্তবিনোদন-আমিনুল হক আলম, নাট্য-আবু সাদ মোঃ নূরুর রশীদ ববি, ক্রীড়া-আমীর হাছান চৌধুরী তুষার, সহ-ক্রীড়া-ওহিদুজ্জামান অ্যাপোলো, ৫ জন কার্যকরী সদস্য-কাইয়ুম জামান, মাহতাব উদ্দিন মিঠু, এ, কে, এম শফিউজ্জামান শিপন, শামসুল তাব্রীজ মিঠু ও রাজ্জাক মোল্লা।

হলসমূহের ৭৮টি আসনে ছাত্র সংগ্রাম পরিষদ ৮টিতে এবং ছাত্রদল ৭০টি আসনে বিজয়ী হয়। ছাত্র সংগ্রাম পরিষদ ২নং মহিলা হলে ভি,পি, জি,এস-সহ ৬টিতে, নওয়াব ফয়জুন্নেসা হলে ভিপি এবং সালাম-বরকত হলে এ,জি,এস, পদে জয়লাভ করে। ৬টি হলে ভিপি ও জিএস পদে বিজয়ীরা হইতেছেন—আলবেরুনী-ভি, পি-সাবের রেজা স্বপন, জি-এস-প্রণব কুমার দে, সালাম বরকত হল—ভি,পি আলী আহমেদ মাসুদ, জি,এস গোলাম মোস্তফা, কামালুদ্দীন-ভি,পি নাইমুল পারভেজ জি এস আবদুল্লাহ হাসান রোমেল, মশাররফ-ভি পি আমিনুল ইসলাম মুকুল, জি,এস মোয়াজ্জেম হোসেন, ২নং মহিলা হল-ভি পি মন জুরা সালমা ফিন্নি জি,এ পারমিজ সুলতানা, নওয়াব ফয়েজুন্নেসা হল-ভি পি সাদেকা সুলতানা মিতু, জি, এস শামীমা সরকার শোভা এ জি, এস আতিয়া খন্দকার দীপু।

গতকাল (রবিবার) সকাল ৬টা হইতে ফলাফল বিচ্ছিন্নভাবে প্রকাশ পাইতে থাকে। ইতিপূর্বে ভোট গণনা স্থানে প্রবেশকারীরা এ-সময় কলাভবন ত্যাগ করার অনুমতি পায়। পুলিশ বেষ্টনীর বাহিরে ছিল উৎসুক ছাত্র-ছাত্রীর অস্বাভাবিক ভীড়। ফলাফল প্রকাশের পর নির্বাচিত নেতৃবৃন্দ স্থানীয় শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন।

### ভিপি-জিএসের সাক্ষাৎকার

নবনির্বাচিত ভি, পি মনিরুজ্জামান মনির ছাত্রদলকে নির্বাচিত করার জন্য জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীকে অভিনন্দন জানান। এক প্রশ্নের জবাবে তিনি বলেন, আমাদের প্রধান কাজ হইবে ভর্তি সংকট, সীট সমস্যা ও ডাইনিং সমস্যাসহ শিক্ষাসম্পর্কিত ছাত্র-ছাত্রীর যাবতীয় সমস্যা সমাধান করা।

জাকসুর নবনির্বাচিত জি, এস এ, কে, এম রাশেদুল হাসান মাসুদ বলেন, আমাদের বিশ্ববিদ্যালয়ে সমস্যা অনেক। টি এস,সি অডিটোরিয়াম, খেলার মাঠ ইত্যাদি নাই। এইসব সমস্যা সমাধানে সকলকে ঐক্যবদ্ধভাবে আগাইয়া আসিতে হইবে।

### বিজয় মিছিল

আগামী বুধবার জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ে জাতীয়তাবাদী ছাত্রদলের বিজয় মিছিল অনুষ্ঠিত হইবে।

### ডাকসুর ভিপি-জিএসের অভিনন্দন

ডাকসু ভিপি আমানুল্লাহ আমান ও জিএস খায়রুল কবির খোকন এক যুক্ত বিবৃতিতে জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের নবনির্বাচিত ছাত্র সংসদ নেতৃবৃন্দকে অভিনন্দন জানাইয়াছেন। বিবৃতিতে জাতীয়তাবাদী ছাত্রদলকে নির্বাচিত করায় বিশ্ববিদ্যালয়ের ছাত্রছাত্রীদের ধন্যবাদ জ্ঞাপন করা হয়।